তারিখ 13 OCT 2017
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক

# বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় দিবস পালন

রংপুর প্রতিনিধি •

নানা আয়োজনে পালন করা হয়েছে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় দিবস। গতকাল বৃহস্পতিবার ১২ অক্টোবর নয় বছর পেরিয়ে দশম বছরে পদার্পণ করল উত্তরাঞ্চলের বৃহৎ শিক্ষা প্রতিষ্ঠান রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়। সকাল সাড়ে ৯টায় জাতীয় সংগীতের সঙ্গে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে কর্মসূচির সূচনা করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ডক্টর নাজমুল আহসান কলিমউল্লাহ, বিটিএফও। একই সঙ্গে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন করেন বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক বাংলা বিভাগের প্রফেসর ড. সরিফা সালোয়া ডিনা। এর পর বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মহীয়সী বেগম রোকেয়া সাখাওয়াত হোসেনের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শুভেচ্ছাবাণী পাঠ করার মাধ্যমে দিনের কর্মসূচির উদ্বোধন করেন উপাচার্য। এ সময় বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। অনুষ্ঠান উদ্বোধনের পর শান্তির প্রতীক পায়রা অবমুক্ত করে বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি ও রোভার স্কাউটের অভিবাদন গ্রহণ করার পর বিশ্ববিদ্যালয় দিবসের আনন্দ শোভাযাত্রায় নেতৃত্ব দেন উপাচার্য।

দ্বিতীয় পর্বের অনুষ্ঠানে বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের অংশগ্রহণে আয়োজিত দিনব্যাপী একাডেমিক ফেয়ার ও রক্তের গ্রুপ নির্ণয় কর্মসূচির উদ্বোধন করা হয়। এর পর অনুষ্ঠানের মূল মঞ্চে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের তৃতীয় পর্বে সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সভাপতিত্বে আলোচনাসভা অনুষ্ঠিত হয়। আলোচনাসভায় প্রধান অতিথি ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ও বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুরের সিনেট সদস্য এইচএন আশিকুর রহমান এমপি। বিশেষ অতিথি ছিলেন রংপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ছাফিয়া খানম প্রমুখ।

২০০৮ সালের এই দিনে বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠা হয়। ২০০৮-০৯ শিক্ষাবর্ষে তিনটি অনুষদের অধীনে ছয়টি বিভাগ নিয়ে যাত্রা শুরু হলেও পরবর্তী সময়ে ২০০৯-১০ শিক্ষাবর্ষে তিনটি, ২০১০-১১ শিক্ষাবর্ষে চারটি, ২০১১-১২ শিক্ষাবর্ষে পাঁচটি এবং ২০১২-১৩ শিক্ষাবর্ষে আরও একটি মোট ১৫টি নতুন বিভাগ খোলা হয়। বর্তমানে বিশ্ববিদ্যালয়ে ছয়টি অনুষদের অধীনে ২১টি বিভাগে প্রায় সাড়ে আট হাজার শিক্ষার্থী লেখাপড়া করছেন।